



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসন, ভোলা।

## সরকারি সেবা হট লাইন - ৩৩৩

১। নামঃ ৩৩৩

২। শর্ট কোডঃ 333 (যে কোন মোবাইল হতে)

৩। লং কোডঃ 09666789333 (টেলিফোন ও বিদেশ হতে)

৪। কল চার্জঃ ৬০ পয়সা / মিনিট

৫। অপারেশনঃ দিন- রাত ২৪ ঘন্টা ও সপ্তাহে ৭ দিন

### উদ্দেশ্যঃ

- \* জাতীয় তথ্য বাতায়নের সকল ওয়েবসাইটের তথ্য প্রদান;
- \* সকল সরকারি সেবা প্রাপ্তির পদ্ধতির তথ্য প্রদান;
- \* বিভিন্ন জেলা ও উপজেলা সম্পর্কিত তথ্য প্রদান;
- \* সরকারি কর্মকর্তাদের সাথে যোগাযোগের তথ্য প্রদান;
- \* সামাজিক সমস্যা প্রতিকারে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের নিকট অভিযোগ দাখিল;

বিভিন্ন ধরনের সেবা নিয়ে সাজানো ৩৩৩ হেল্পলাইনে ডায়াল করলে (অন্যান্য সেবার সাথে) আপনি নিম্নোক্ত মূল সেবাগুলো পাবেনঃ

- এখান থেকে আপনি জেলা প্রশাসক কিংবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও এই বিষয়ক বিভিন্ন নাগরিক তথ্য পাবেন। তাছাড়া বিভিন্ন সামাজিক সমস্যা সমাধানকল্পে অভিযোগও জানাতে পারবেন। পাশাপাশি সরকারি সেবা সম্পর্কিত আপনার মতামতও গ্রহণ করা হবে।
- ভূমি সম্পর্কিত ও ভূমি অফিসের যাবতীয় নাগরিক তথ্য এই কল সেন্টার থেকেই পাবেন।
- ভোক্তা অধিকার সম্পর্কিত বিষয়, যেমন ভেজাল পণ্য উৎপাদন/বিক্রি সংক্রান্ত অভিযোগ করতে পারবেন ও তথ্য দিতে পারবেন।
- বাল্যবিবাহ, যৌতুক, ইভ টিজিং ইত্যাদি সামাজিক সমস্যা থেকে উত্তরণের সমাধান চাইতে পারবেন কিংবা আপনার এলাকায় এ ধরনের ঘটনা ঘটতে দেখলে তথ্য দিতে পারবেন।
- চোরাচালান, মাদকদ্রব্য ক্রয়-বিক্রয়, জুয়া, সরকারি সম্পদ দখল/চুরি প্রভৃতি সম্পর্কে অভিযোগ করতে পারবেন।
- সরকারি সেবা প্রাপ্তির পদ্ধতি, কর্মকর্তা ও কর্মচারীদের ফোন নম্বর বিভিন্ন সেবার ফরম দিয়েও সাহায্য করা হবে ৩৩৩ হেল্পসেন্টার থেকে।
- কোনো জায়গা সম্পর্কে জানতে বা কোনো জেলার বিশেষ স্থানসমূহ সম্পর্কে জানতেও এই নম্বরে কল দিতে পারবেন।
- জরুরি প্রাকৃতিক দুর্যোগে ও তথ্যসেবা দিবে ৩৩৩ কল সেন্টার।

প্রচারণায়: জেলা প্রশাসন, ভোলা।